

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৫(প্রশাসন ও শৃঙ্খলা) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

স্মারক ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৪১.১২(অংশ-২)-২১২

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৪
০৬ ডিসেম্বর ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার (বাধ্যতামূলক অবসর), উপজেলা সমাজসেবা কার্যালয়, মোল্লাহাট, বাগেরহাট হিসেবে কর্মরত থাকাকালে তাঁর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ ও কর্তব্য কাজে অনিয়ম এর অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নং-৩১/২০১৩, তারিখ-১৯/১১/২০১৩) রুজু করে ১৯/১১/২০১৩ তারিখের ৪১.০৩৬.০০১.০০০০.০৪১.২০১২- ২৬২(ক) সংখ্যক স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয়।

যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার (বাধ্যতামূলক অবসর) কে কৈফিয়ত তলবের পর এবং সকল পদক্ষেপ প্রতিপালন শেষে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১ মোতাবেক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের গত ১১/০৭/২০১৩ তারিখের ৪১.০৩৬.০০১.০০০০.০৪১.২০১২-২৩৫ নং স্মারকে সাময়িক বরখাস্ত এবং বিধি-৪(৩)(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় সমাজকল্যাণ মন্ত্রণালয়ের গত ২৯/০৮/২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.০২৭.০৪১.১২-১০৪ নং স্মারকযোগের আদেশে জনাব মোঃ মাহাবুবুর রহমানকে বাধ্যতামূলক অবসর গুরুদণ্ড প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান উক্ত আদেশের বিরুদ্ধে আপিল আবেদন করেন যা সার-সংক্ষেপ আকারে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র (নং-০৮/০৯/২০১৪ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.২৭.০০১/১১-১৯৫) মোতাবেক আপিল আবেদন বিবেচনা মাননীয় প্রধানমন্ত্রীর এখতিয়ারাধীন এবং জনাব মোঃ মাহাবুবুর রহমান এর আপিল আবেদনের উপর মাননীয় প্রধানমন্ত্রী সদয় হয়ে নিম্নোক্ত যে কোন আদেশ প্রদান করতে পারেন মর্মে সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ বিবেচনার জন্য প্রেরণ করা হয়।

- (ক) আপিল আবেদন না মঞ্জুর করে আরোপিত গুরুদণ্ড বহাল রাখা;
- (খ) আরোপিত দণ্ড হ্রাস বা বৃদ্ধি করা; এবং
- (গ) আপিল আবেদন মঞ্জুর করে দণ্ডাদেশ বাতিল করা।

যেহেতু, মাননীয় প্রধানমন্ত্রী উপরোক্ত তিনটি সুপারিশের মধ্যে ক্রমিক নং-‘গ’(আপিল আবেদন মঞ্জুর করে দণ্ডাদেশ বাতিল করা) তে টিক চিহ্ন প্রদান করে সার-সংক্ষেপ স্বাক্ষর করেন।

সেহেতু, জনাব মোঃ মাহাবুবুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার (বাধ্যতামূলক অবসর) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১ মোতাবেক সমাজকল্যাণ মন্ত্রণালয়ের গত ১১/০৭/২০১৩ তারিখের ৪১.০৩৬.০০১.০০০০.০৪১.২০১২-২৩৫ নং স্মারকের সাময়িক বরখাস্ত এবং বিধি-৪(৩)(ডি) মোতাবেক বাধ্যতামূলক অবসর গুরুদণ্ড প্রদানের ২৯/০৮/২০১৬ তারিখের ৪১.০০.০০০০.০৩৬.০২৭.০৪১.১২-১০৪ নং স্মারকের জারীকৃত শাস্তির আদেশ বাতিলপূর্বক তাঁকে উক্ত বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো।

২। তাঁর বরখাস্তকালীন এবং বাধ্যতামূলক অবসর থাকাকালীন সময় “কর্মকাল” হিসেবে গণ্য হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/
০৬-১২-২০১৭
মোঃ জিল্লার রহমান
সচিব

জনাব মোঃ মাহাবুবুর রহমান,
উপজেলা সমাজসেবা অফিসার (বাধ্যতামূলক অবসর),
উপজেলা সমাজসেবা কার্যালয়, মোল্লাহাট, বাগেরহাট।


স্মারক ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৪১.১২(অংশ-২)-২১২

(১২)

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৪
০৬ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৪। উপনিয়ন্ত্রক, সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিনিয়র সহকারী সচিব (প্রশা:-৬), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
- ৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা/ উপজেলা হিসাব রক্ষণ অফিস, মোল্লাহাট, বাগেরহাট।
- ৮। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব/ সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


মোহাম্মদ নূরুল ইসলাম
উপসচিব

প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) অধিশাখা
ফোন ৯৫৭৬৩৬১